



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং -ক/অ/১২৭(০২)/

তারিখ:

বিষয় : “জনাব মোঃ সুজাত আলী” অধ্যক্ষ (সাময়িক বরখাস্তকৃত) এর সাময়িক বরখাস্তাদেশ প্রত্যাহার পূর্বক সমুদয় প্রাপ্য বেতন-ভাতাদি প্রদান সংক্রান্ত।

সূত্র : ক) শিক্ষা মন্ত্রণালয়ের ০৬-০৮-২০১৭ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৭২.৩১.০০৭.১৫-৬৯৪ নং স্মারক পত্র।
খ) সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ সুজাত আলী এর- ০৮-১১-২০১৭ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্টে দায়েরকৃত মামলা নং-৩৬৫৭/২০১৫ এর আদেশ এবং শিক্ষা মন্ত্রণালয়ের ০৬-০৮-২০১৭ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৭২.৩১.০০৭.১৫-৬৯৪ নং স্মারক পত্র অনুযায়ী, বেসরকারি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের কোন শিক্ষককে ৬০ (ষাট) দিনের বেশি সময় সাময়িক বরখাস্ত রাখা যাবে না এবং ৬০ (ষাট) দিনের বেশি সাময়িক বরখাস্ত রাখা হলে তিনি বেতন-ও অন্যান্য ভাতা সমুদয় প্রাপ্য হবেন। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী বাগেরহাট জেলার মোড়েলগঞ্জ উপজেলাধীন “দক্ষিণ বাংলা কলেজ” এর সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ সুজাত আলী এর সাময়িক বরখাস্তাদেশ প্রত্যাহার পূর্বক সাময়িক বরখাস্তের তারিখ হতে তার প্রাপ্য সমুদয় বেতন-ভাতা বিধিমোতাবেক পরিশোধ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।

ফোন : ০৪২১-৬৮৬৩৮

সভাপতি

গভাণিৎ বডি

দক্ষিণ বাংলা কলেজ

ডাক: সোমাদ্দারখালী, মোড়েলগঞ্জ, বাগেরহাট।

স্মারক নং-ক/অ/১২৭(০২)/১৩১(১)/১-১

তারিখ : ২৩/১২/২০১৭

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, বাগেরহাট।
- ৪। জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, মোড়েলগঞ্জ, বাগেরহাট।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৭। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), দক্ষিণ বাংলা কলেজ, ডাক: সোমাদ্দারখালী, মোড়েলগঞ্জ, বাগেরহাট।
- ৮। জনাব মোঃ সুজাত আলী, অধ্যক্ষ (সাময়িক বরখাস্তকৃত), দক্ষিণ বাংলা কলেজ, ডাক: সোমাদ্দারখালী, মোড়েলগঞ্জ, বাগেরহাট।
- ৯। অফিস কপি।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর